

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৫২
সোনামুড়া, ২৭ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
পুটিয়া গ্রামপঞ্চায়েতে বিকাশ শিবির

বক্সনগর ব্লকের পুটিয়া গ্রামপঞ্চায়েত ও রহিমপুর গ্রামপঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গনে সম্প্রতি বিকশিত ভারত সংকল্প যাত্রায় বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। এই দুটি শিবিরে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিধায়ক তফাজ্জল হোসেন। এছাড়াও উপস্থিত ছিলেন বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় সরকার, বক্সনগর ব্লকের বিডিও অনিমেষ দেববর্মা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে বিধায়ক তফাজ্জল হোসেন আলোচনায় অংশ নিয়ে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিগুলি তুলে ধরেন। উভয় শিবিরে বিধায়ক তফাজ্জল হোসেন উপস্থিত জনগণ ও সরকারি আধিকারিকদের সাথে নেশামুক্ত ত্রিপুরা গড়ে তোলার বিষয়ে শপথ গ্রহণ করেন। শিবিরে সরকারি বিভিন্ন প্রকল্প সম্পর্কে মানুষকে সচেতন করে তুলতে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে তথ্য চিত্র প্রদর্শন করা হয়।
